**Office of the Registrar**
Kishoreganj University
Kishoreganj 2300, Bangladesh
Phone: 02998832221
E-mail: registrar@kiu.ac.bd

**রেজিস্ট্রার অফি:**
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যাল
কিশোরগঞ্জ ২৩০০, বাংলাদে
ফোন: ০২৯৯৮৮৩২২২
ই-মেইল: registrar@kiu.ac.b

স্মারক নম্বর-কিবি/মেধাবৃত্তি-অসচ্ছল মেধাবৃত্তি/২০২৬/৪০০

তারিখ: ০৩ আষাঢ়, ১৪৩৩
১৭ জুন, ২০২৬

# নোটিশ

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের মেধাবী ও অসচ্ছল-মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের লক্ষ্যে আবেদনপত্র গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। আগ্রহী শিক্ষার্থীদের সংশ্লিষ্ট বিভাগ অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্তপূর্বক আগামী **২৪ জুন ২০২৬** তারিখের মধ্যে নিজ নিজ বিভাগের সভাপতির নিকট জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বিভাগসমূহকে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যথাযথভাবে যাচাই-বাছাই করে মনোনীত শিক্ষার্থীদের তালিকা বিভাগীয় একাডেমিক কমিটির সুপারিশসহ আগামী **২৫ জুন ২০২৬** তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

**সংযুক্তি:** ১। মেধাবৃত্তি/অসচ্ছল-মেধাবৃত্তি আবেদন ফর্ম। (১ পাতা)
২। আবেদনের যোগ্যতাবলী। (১ পাতা)

নায়লা ইয়াসমিন ১৭।০৬।২০২৬
রেজিস্ট্রার
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
মোবাইল : ০১৫ ৫২৩৯ ৬৪২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপ-উপাচার্য, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
২. অধ্যাপক মো. ইমান আলী, ট্রেজারার, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
৩. পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
৪-৭. চেয়ারম্যান, সকল বিভাগ, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় (সকল শিক্ষক এবং শিক্ষার্থীদের অবগতির অনুরোধসহ)
৮. ভাইস চ্যান্সেলর-এর একান্ত সচিব, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
(মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. অর্থ ও হিসাব দপ্তর, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
১০. নোটিশ বোর্ড
১১. অফিস কপি

সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত)

# কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

## বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী মেধাবৃত্তি আবেদন ফর্ম

বৃত্তির ধরণঃ ☐ মেধাবৃত্তি ☐ অসচ্ছল মেধাবৃত্তি

১। আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম: ..........................................................................................

২। পিতার নাম: .................................................................... পেশা: ...................................

৩। মাতার নাম: .................................................................... পেশা: ...................................

৪। অভিভাবকের নাম: ............................................................ পেশা: ...................................

(*প্রযোজ্য ক্ষেত্রে)

বার্ষিক আয়: ........................................ টেলিফোন/মোবাইল নম্বর: ........................................

৫। আবেদনকারীর স্থায়ী ঠিকানা:

ক) গ্রাম: ........................ খ) ডাকঘর: ........................ গ) ইউনিয়ন/ওয়ার্ড: ........................

ঘ) উপজেলা/থানা: ........................................ ঙ) জেলা: ........................................

৬। বর্তমান ঠিকানা:

ক) গ্রাম:........................ খ) ডাকঘর: ........................ গ) ইউনিয়ন/ওয়ার্ড: ........................

ঘ) উপজেলা/থানা: ........................................ ঙ) জেলা: ........................................

৭। আবেদনকারীর বর্তমান অধ্যয়নের তথ্য:

| | |
|---|---|
| বিভাগ: ........................................ | বর্ষ: .................. সেমিস্টার: ........................ |
| শিক্ষাবর্ষ/সেশন: ........................................ | শিক্ষার্থী আইডি নম্বর: ........................................ |

৮। আবেদনকারী ছাত্র/ছাত্রীর সর্বশেষ পরীক্ষার ফলাফল:

| সেমিস্টার | শিক্ষাবর্ষ | প্রাপ্ত সিজিপিএ/জিপিএ | সম্পন্ন ক্রেডিট | উপস্থিতির হার (%) |
|---|---|---|---|---|
| সর্বশেষ সেমিস্টার | | | | |

* (শুধুমাত্র প্রথম বর্ষের শিক্ষার্থীদের জন্য)

ভর্তি পরীক্ষায় মেধাক্রম: ..........................................................................................

৯। আবেদনকারীর অঙ্গীকার:

আমি এই মর্মে ঘোষণা করছি যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক। কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমার বৃত্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

____________________

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

মোবাইল নং-

১০। বিভাগীয় প্রধানের মতামত/সুপারিশ: ..........................................................................................

..........................................................................................................................

____________________

(বিভাগীয় প্রধানের সীলসহ স্বাক্ষর)

(বিশেষ দ্রষ্টব্যঃ আবেদনপত্র নিজ হাতে পূরণ করে স্বাক্ষর করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ হলে বা কোন অসত্য তথ্য প্রদান করলে বাতিল বলে গণ্য হবে।)

৪। বৃত্তির ধরণ:

বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত ধরণের বৃত্তি প্রদান করা যাবে—

(ক) মেধাবৃত্তি;

(খ) অসচ্ছল মেধাবৃত্তি।

৫। বৃত্তি প্রাপ্তির যোগ্যতাসমূহ:

(ক) মেধাবৃত্তি:

শিক্ষার্থীদের সর্বশেষ সেমিস্টারে অর্জিত একাডেমিক ফলাফলের ভিত্তিতে নির্ধারিত নীতিমালা অনুসরণপূর্বক মেধাবৃত্তি প্রদান করা হবে।

i. সমান ফলাফলপ্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বৃত্তি প্রদান করা হবে;
ii. প্রাপ্ত নম্বর সমান হলে উপস্থিতির হার বিবেচনা করে বৃত্তি প্রদান করা হবে;
iii. রি-টেক, রি-অ্যাড বা ইমপ্রুভমেন্ট পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা মেধাবৃত্তির জন্য বিবেচিত হবে না;
iv. মেধাবৃত্তির জন্য শিক্ষার্থীর সর্বশেষ সেমিস্টারে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে;
v. প্রথম বর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অর্জিত মেধাক্রমের ভিত্তিতে মেধাবৃত্তি প্রদান করা হবে;
iv. শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের নিয়মিত প্রোগ্রামের শিক্ষার্থী হতে হবে;
vii. সংশ্লিষ্ট শিক্ষাবর্ষ/সেমিস্টারে শিক্ষার্থীর উপস্থিতির হার কমপক্ষে ৮০% হতে হবে;
viii. কোনো শিক্ষার্থী শাস্তিমূলক অপরাধে দণ্ডিত হলে উক্ত শিক্ষার্থী মেধাবৃত্তির জন্য বিবেচিত হবে না।

(খ) অসচ্ছল মেধাবৃত্তি:

শিক্ষার্থীদের সর্বশেষ সেমিস্টারে অর্জিত একাডেমিক ফলাফল ও আর্থিক অসচ্ছলতা বিবেচনা করে নির্ধারিত নীতিমালা অনুসরণপূর্বক অসচ্ছল মেধাবৃত্তি প্রদান করা হবে।

i. অসচ্ছল শিক্ষার্থীদের ক্ষেত্রে বৃত্তি প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত অভিভাবকের আয়ের সনদপত্রসহ প্রয়োজনীয় সমর্থনকারী কাগজপত্র দাখিল বাধ্যতামূলক হবে;
ii. অসচ্ছল মেধাবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীর সর্বশেষ সেমিস্টারের একাডেমিক ফলাফলে ন্যূনতম সিজিপিএ ২.৭৫ থাকতে হবে;
iii. রি-টেক বা রি-অ্যাড পরীক্ষার ফলাফল একবার পর্যন্ত বিবেচনাযোগ্য হবে; তবে ইমপ্রুভমেন্ট পরীক্ষার ফলাফল কোনো অবস্থাতেই বৃত্তি প্রদানের জন্য গ্রহণযোগ্য হবে না;
iv. শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের নিয়মিত প্রোগ্রামের শিক্ষার্থী হতে হবে;
v. সংশ্লিষ্ট শিক্ষাবর্ষ/সেমিস্টারে শিক্ষার্থীর উপস্থিতির হার কমপক্ষে ৭০% হতে হবে;
vi. কোনো শিক্ষার্থী শাস্তিমূলক অপরাধে দণ্ডিত হলে উক্ত শিক্ষার্থী মেধাবৃত্তির জন্য বিবেচিত হবে না।



Scanned with CamScanner